

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে
ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের
রাজদূত মেজর জেনারেল আবদুর
রহমান ও ফ্রান্সে অবস্থিত
বাংলাদেশের বিশিষ্ট নাগরিকরা
উপস্থিত ছিলেন।

দৈনিক বাংলা

তারিখ ... ১২.৮.৬৭ ...
পৃষ্ঠা ... ১ ...



ডঃ আল মুতি
শরফুদ্দিন '৮৩
সালের ইউনেস্কো
পুরস্কার পেলেন

খ্যাতিমান শিক্ষাবিদ ও বিজ্ঞান
বিষয়ক লেখক ডঃ আবদুল্লাহ আল
মুত্তি শরফুদ্দিন ১৯৮৩ সালের
ইউনেস্কো আন্তর্জাতিক কলিস
পুরস্কার পেয়েছেন। বিজ্ঞানকে জন
প্রিয় করে তোলার ক্ষেত্রে তাঁর অসা
মান্য অবদানের জন্য তাঁকে এই
পুরস্কার দেয়া হয়। খবর বাসসর।
বিজ্ঞান, প্রযুক্তি এবং বৈজ্ঞানিক
(শেষ পৃঃ ৩-এর কঃ দঃ)

ডঃ আল মুতি

(১ম পঃ পর)
গবেষণা ও সমাজ সেগুনের প্রভা
বের জন্য ১৯৫১ সালে ইউনেস্কো
এই পুরস্কার প্রবর্তন করে। সাধা
রণত প্রতি বছর একজন বিশিষ্ট
বিজ্ঞানীকে এই পুরস্কার দেয়া হচ্
থাকে।

প্রযুক্তি বিভাগের
অতিরিক্ত ভারপ্রাপ্ত সচিব ডঃ শর
ফুদ্দিন এ ধরনের আন্তর্জাতিক
পুরস্কার অর্জনকারী প্রথম বাংলা
দেশী।

ইউনেস্কো নিয়োজিত চার সদ
স্যের আন্তর্জাতিক জুরির সুপার
িশিক্রমে এই পুরস্কার ঘোষণা
করা হয়।

কলিস পুরস্কার হচ্ছে এক
হাজার পুন্ড স্টার্লিং-এর একটি
বার্ষিক আন্তর্জাতিক পুরস্কার।
কলিস ফাউন্ডেশন ট্রাস্টের প্রতি
ষ্ঠাতা ও সভাপতি ভারতের উড়িষ্যা
রাজ্যের মিঃ বি পটনায়কের ইউ
নেস্কোকে দেয়া একটি মঞ্জুরী
ভিত্তিতে এই পুরস্কার দেয়া হয়।

১৯৮২ ও ১৯৮৩ সালের পুর
স্কার প্রাপ্তদের আগামী ২২শে
ফেব্রুয়ারী পারিসে আনুষ্ঠানিক
ভাবে পুরস্কার প্রদান করা হবে।
ইউনেস্কোর মহাপরিচালক পুরস্কার
বিতরণ করবেন।

পুরস্কারের শর্ত অনুযায়ী, পুর
স্কার বিজয়ীদের ভারতের বিভিন্ন
বিশ্ববিদ্যালয়, সংসদের অংশগ্রহণ
জানানো হবে। তাঁরা ভারতের বৈজ্ঞা
নিক সনাজের বিভিন্ন বৈঠকে যোগ
দান করবেন এবং ভারতীয় গবেষণা
ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সঙ্গে
পরিচিত হবেন।

ডঃ শরফুদ্দিন দীর্ঘদিন ধরে
বিজ্ঞানের বিভিন্ন শাখায় ওপর
লিখে আসছেন। এ পর্যন্ত তাঁর
১৩ খানা মৌলিক গল্প এবং দশ
খানা অনুবাদ গল্প প্রকাশিত
হয়েছে। বিজ্ঞান, প্রযুক্তি ও শিক্ষা
বিষয়ক বেশ কয়েকখানা গল্প তিনি
সম্পাদনা করেছেন।

রেডিও ও টেলিভিশনের বিভিন্ন
অনুষ্ঠানে অংশগ্রহণ ছাড়াও তিনি
নিয়মিত বিভিন্ন সংবাদপত্র, সাম
য়িকী ও জার্নালে নিবন্ধ লিখে
থাকেন।

তাঁর অবদানের উল্লেখযোগ্য
দিক হচ্ছে, প্রায় চার দশক ধাবৎ
তিনি বিজ্ঞানের বিভিন্ন বিষয়কে
স্বাভাবিক বাংলায় সকল শ্রেণীর
পঠকের কাছে উপস্থিত করছেন।
তাঁর রচনা দেশে বিজ্ঞানকে জনপ্রিয়
করে তুলতে সহায়ক হয়েছে।

0 012